

সৃজনশীলতার উজ্জ্বল দৃষ্টান্ত মাইলস্টোন

নিজস্ব প্রতিবেদক

১৬ জুন ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তা, গবেষণামনস্কতা ও প্রযুক্তিনির্ভর সৃজনশীলতার এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ, আফতাবনগর। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিমের আওতায় আয়োজিত ‘স্টার্টআপ, বিজ্ঞান প্রকল্প ও উদ্ভাবনী ধারণা প্রদর্শন কর্মসূচি-২০২৬’-এ অংশ নিয়ে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা অর্জন করেছে চমকপ্রদ সাফল্য।

শিক্ষার্থীদের উদ্ভাবিত ‘হাইব্রিড ইকো-স্ট্রাইড শু’ প্রকল্পটি থানা পর্যায়ে সেরা প্রকল্প হিসেবে নির্বাচিত হয়ে জেলা পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পায়। গত ১৪ জুন রাজধানীর তেজগাঁওয়ে বিএএফ শাহীন কলেজের শাহীন হল মিলনায়তনে অনুষ্ঠিত

জেলা পর্যায়ের প্রদর্শনীতেও প্রকল্পটি বিচারকদের প্রশংসা কুড়ায় এবং বিজয়ী হয়ে জাতীয় পর্যায়ে অংশগ্রহণের গৌরব অর্জন করে।

এই সাফল্যের নেপথ্যের কুশীলব মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ আফতাবনগরের অষ্টম শ্রেণির (বাংলা মাধ্যম) তিন শিক্ষার্থী^১ তাওসিফ রহমান, শাশ্বত বিশ্বাস অর্ঘ এবং সিদরাতুল মুনতাহা জায়েদ। পরিবেশবান্ধব ও প্রযুক্তিনির্ভর এই উদ্ভাবনী প্রকল্পের মাধ্যমে তারা তাদের সৃজনশীলতা ও সমস্যা সমাধানের দক্ষতার স্বাক্ষর রেখেছে।

জেলা পর্যায়ের স্টার্টআপ ও বিজ্ঞান প্রকল্প প্রদর্শনীতে প্রধান অতিথি ছিলেন ডা. জুবাইদা রহমান। প্রদর্শনী

পরিদর্শনের সময় মাইলস্টোনের শিক্ষার্থীরা তাদের ‘হাইব্রিড ইকো-স্ট্রাইড শু’ প্রকল্প সম্পর্কে তাকে বিস্তারিত অবহিত করে। শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রচেষ্টা উপস্থিত অতিথি ও সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করে।

এই গৌরবময় অর্জনে শিক্ষার্থী ও শিক্ষকদের অভিনন্দন জানিয়ে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ আফতাবনগরের উপদেষ্টা কর্নেল নুরন নবী (অব.), অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোফাজ্জেল মাওলা (অব.) এবং পরিচালক মিসেস পারমিতা নন্দী তাদের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, প্রথমবারের মতো আয়োজিত এই স্টার্টআপ, বিজ্ঞান প্রকল্প ও উদ্ভাবনী ধারণা প্রদর্শন কর্মসূচির থানা পর্যায়ের কার্যক্রম শুরু হয় ১২ জুন। জেলা ও মহানগর পর্যায়ে নির্বাচিত সেরা ১০০টি দলকে নিয়ে আগামী ২৮ জুন অনুষ্ঠিত হবে জাতীয় পর্যায়ের চূড়ান্ত পর্ব। এ পর্ব থেকে নির্বাচিত হবে দেশের সেরা ১০টি উদ্ভাবনী দল। জাতীয় পর্যায়ের এই আয়োজনকে ঘিরে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ইতোমধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়েছে।